কালের কণ্ঠ

তারিখ 27 DEC 2017
পৃষ্ঠা ২০ কলাম ৪

### এমপিওভুক্তির দাবি

# এবার আন্দোলনে নন-এমপিও শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক ▷

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের অনশন কর্মসূচির পর এবার আন্দোলনে নেমেছেন নন-এমপিও শিক্ষক-কর্মচারীরা। এমপিওভুক্তির দাবিতে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশনের ব্যানারে গতকাল মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের সামনে তাঁরা অবস্থান কর্মসূচি পালন করেছেন। গতকাল সন্ধ্যায় শেষ খবর পাওয়া পর্যন্ত তাঁরা সেখানেই অবস্থান করছিলেন।

শিক্ষকরা জানান, দীর্ঘ ১০ থেকে ১৫ বছর ধরে তাঁরা বিনা বেতনে শিক্ষা কার্যক্রম চালিয়ে আসছেন। দীর্ঘদিন বেতন না পেয়ে তাঁরা মানবেতর জীবন যাপন করছেন। তাই কোনো উপায় না পেয়ে রাজপথে নেমেছেন তাঁরা।

ফেডারেশনের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যক্ষ গোলাম মাহমুদুন্নবী ডলার কালের কণ্ঠকে বলেন, 'সরকার কর্তৃক স্বীকৃত নন-এমপিও স্কুল, কলেজ ও মাদরাসার সংখ্যা এখন পাঁচ হাজার ২৪২। এতে ৮০ হাজারের মতো

▶▶ পৃষ্ঠা ৮ ক. ১

## এবার আন্দোলনে —

▶▶ শেষ পৃষ্ঠার পর

শিক্ষক-কর্মচারী চাকরি করছেন, যাঁদের বেশির ভাগই বিনা বেতনে চাকরি চালিয়ে যাচ্ছেন। কিন্তু এ অবস্থায় মানসম্পন্ন শিক্ষাদান কার্যক্রম চালানো অসম্ভব হয়ে পড়েছে। তাই আমরা অবস্থান কর্মসূচি শুরু করেছি। আপাতত তা চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছি। তবে নেতাদের সঙ্গে আলোচনা করে পরবর্তী সময় এই আন্দোলন অনশনেও রূপ নিতে পারে।'

অবস্থান কর্মসূচিতে আসা নাটোর জেলার শিক্ষক লোকমান হাকিম বলেন, 'সকাল ৮টা থেকে আমরা এখানে অবস্থান নিয়েছি। এমপিওভুক্তির ঘোষণা না আসা পর্যন্ত আমরা এখানেই থাকব। কারণ দীর্ঘদিন ধরে আমরা বিনা বেতনে চাকরি করে আসছি। এখন আর পারছি না। আমাদেরও তো সংসার আছে। দেয়ালে পিঠ ঠেকে গেছে আমাদের। ঘোষণা না আসা পর্যন্ত আমরা নড়ব না। এমনকি ১ জানুয়ারি সারা দেশে বই উৎসবেও অংশ নেব না।'

সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ ড. বিনয় ভূষণ রায় বলেন, 'আমরা যেসব প্রতিষ্ঠানে শিক্ষকতা করছি সেখান থেকে শিক্ষার্থীরা সুনামের সঙ্গে জেএসসি, এসএসসি ও এইচএসসির মতো পরীক্ষায় সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হচ্ছে। কিন্তু সরকারের এসব প্রতিষ্ঠানের শিক্ষকদের দিকে কোনো খেয়াল নেই। আমরা এর আগেও নানা ধরনের কর্মসূচি পালন করেছি। কিন্তু সরকারের পক্ষ থেকে কোনো সাড়া পাইনি। তাই এবার দাবি আদায় না হওয়া পর্যন্ত ঘরে ফিরে যাব না।'